গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
উপজেলা সমবায় কার্যালয়, দিঘলিয়া, খুলনা।
www.cooperative.digholia.khulna.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৪৭৪০.০০০.০০০.৩২.০০০১.২৩.৬৭

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

বিষয়: **ফুলতলা ইউসিসিএ লিঃ এর ২০২৫-২০২৬ সালের বার্ষিক নিরীক্ষা সম্পাদনের নোটিশ।**

সূত্র: বিভাগীয় যুগ্মনিবন্ধক, খুলনা মহোদয়ের বিগত ২৯/৬/২০২৬ খ্রি. তারিখের ৩৩১ নম্বর স্মারকাদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধন ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধন ২০২০) অনুসারে **ফুলতলা উপজেলা কেন্দ্রীয় সমবায় এ্যাসোসিয়েশন(ফুলতলা ইউসিসিএ লিঃ) এর ২০২৫-২০২৬ সালের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রম নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আগামী ২৭/৮/২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকালি ১১.০০ টায় বর্ণিত সমবায় সমিতির কার্যালয়ে আরম্ভ করা হবে এবং নিরীক্ষা কার্য সমাপ্ত না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।** সে মোতাবেক সমিতির বার্ষিক নিরীক্ষা কার্য সম্পাদনের নিমিত্তে সমিতির সকল রেকর্ডপত্র হালনাগাদ প্রস্তুত করত: সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধন ২০২০) এর বিধি ৯৯ এর শর্ত প্রতিপালন পূর্বক একই বিধিমালার ৫৭ বিধি মোতাবেক সমবায় অধিদপ্তর কর্তৃক প্রণীত অডিট ম্যানুয়াল অনুসারে নিম্নবর্ণিত হিসাব বিবরণী **নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ৩১/৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে দাখিলের জন্য অনুরোধ করা হলো।**

**দাখিলযোগ্য হিসাব বিবরণীসমূহঃ**

০১। ০১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত জমা-খরচ হিসাব( নগদ প্রবাহ বিবরণী);
০২। ০১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত ব্যবসায়িক হিসাব, লাভ-ক্ষতির হিসাব, লাভ-ক্ষতি বণ্টন হিসাব;
০৩। ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখের উদ্বৃত্তপত্র বা ব্যালন্স শীট;
০৪। ৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত সকল দেনা-পাওনার বিস্তারিত বিবরণী;
০৫। ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখের সকল ব্যাংক হিসাবের ব্যালান্স সার্টিফিকেট;
০৬। ৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত মজুত মালামালের তালিকা;
০৭। ৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত উপনিমিত্ত ব্যয়ের বিস্তারিত বিবরণী;
০৮। ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সকল রেজিস্টার(এজিএম রেজিস্টার, মাসিক সভার রেজিস্টার, নির্বাচন রেজিস্টার, ঋণ রেজিস্টার, কর্মচারীদের বেতন ও অন্যান্য রেজিস্টার); এবং
০৯। সকল তথ্যের সংক্ষিপ্ত বিবরণী(৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত সদস্য সমিতির সংখ্যা, শেয়ার, সঞ্চয়, ঋণ প্রভৃতি)

এছাড়া আলোচ্য নিরীক্ষা বিজ্ঞপ্তিটি স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করাসহ সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ এবং সদস্যভূক্ত প্রাথমিক সমবায় সমিতির কর্তৃকপক্ষকে নিরীক্ষার বিষয়ে আবশ্যিকভাবে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। **উল্লেখ্য এ বিষয়ে পৃথকভাবে কোন ভেরিফিকেশন স্লিপ ইস্যু করা হবেনা।**

১৫-০৭-২০২৬
খন্দকার জহিরুল ইসলাম
উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা।
ফোন : ০২৪৭৭৭৩৩৮১৫
ইমেইল : digholiauco@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বিআরডিবি, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যাল য়, ফুলতলা, খুলনা।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৪৭৪০.০০০.০০০.৩২.০০০১.২৩.৬৭/১ (৩)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা সমবায় অফিসার (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, ফুলতলা , খুলনা।
২। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, খুলনা।
৩। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

১৫-০৭-২০২৬
খন্দকার জহিরুল ইসলাম
উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা।